তারিখ 22 FEB 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৩

সংবাদ

# এমপিওভুক্ত বঞ্চিত শিক্ষকরা আজ থেকে আমরণ অনশনে যাচ্ছেন

নিজস্ব বার্তা পরিবেশক

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়া বঞ্চিত শিক্ষকরা এমপিওভুক্তির দাবিতে আজ সোমবার থেকে আমরণ অনশনে যাচ্ছেন। শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপণ ও পরবর্তী সময়ে আরোপিত বিভিন্ন শর্ত বাতিল করে এমপিওভুক্তি চাচ্ছে 'নন-এমপিও শিক্ষক ঐক্য পরিষদ'। জানা গেছে, এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত শিক্ষক **বঞ্চিত :** পৃষ্ঠা : ২ ক : ৩

## বঞ্চিত : শিক্ষকরা

(১৬ পৃষ্ঠার পর)

প্রেসক্লাবের সামনে এ আমরণ অনশনে অংশ নেবেন। সারাদেশে এ ধরনের প্রায় ১৫ হাজার শিক্ষক রয়েছেন। এসব শিক্ষক প্রায় পাঁচ বছর ধরে সরকার থেকে কোন বেতন ভাতা পাচ্ছে না।

গত ৬ ফেব্রুয়ারি জাতীয় প্রেসক্লাবে বেতন-ভাতার দাবিতে সংবাদ সম্মেলন করে ১৪ থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত ক্লাস বর্জন কর্মসূচি পালন করেন সৃষ্টপদে নিয়োগপ্রাপ্ত শিক্ষকরা। এ সময়ের মধ্যে মন্ত্রণালয় থেকে কোন সিদ্ধান্ত না আশায় তারা আজ থেকে শান্তিপূর্ণ আমরণ অনশনে যাচ্ছেন।

'নন-এমপিও' শিক্ষক ঐক্য পরিষদ'র সভাপতি প্রদীপ চন্দ্র রায় ও প্রচার সম্পাদক এনামুল হক বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষরা এ কর্মসূচি চালিয়ে যাবেন। তারা সৃষ্টপদের অসহায় শিক্ষকদের প্রতি প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।

তারা জানান, 'আমরা বৈধভাবে নিয়োগ পেয়েও ২০১১ সালের ১৩ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের এক পরিপত্রের জন্য পাঁচ বছর ধরে এমপিওভুক্ত হতে পারছি না। ওই পরিপত্রে শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন-ভাতা পরিশোধ করার কথা বলা হয়েছে।'

এই পরিপত্র বাতিলের দাবিতে সরকারের বিভিন্ন পর্যায়ে স্মাকরলিপি প্রদানসহ আন্দোলন কর্মসূচি পালন করা হচ্ছে বলে জানান শিক্ষক নেতারা।